গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, বুধবার ২৯ জুলাই ২০১৫, ১৪ শ্রাবণ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মধ্যম আয়ের দেশের জন্য আন্তরিকতার সঙ্গে কাজ করুন : ডিসি সম্মেলনে প্রধানমন্ত্রী

২। শিক্ষক নিয়োগে কমিশন হচ্ছে : শিক্ষামন্ত্রী

৩। নতুন আইন করে 'তথ্য সন্ত্রাস' প্রতিহত করা হবে : আইনমন্ত্রী

৪। গণমাধ্যমের জন্য সম্প্রচার কমিশন গঠন করা হবে : তথ্যমন্ত্রী

৫। ২০ লাখ জেলেকে এ বছর পরিচয়পত্র দেবে সরকার : মৎস্যমন্ত্রী

৬। সার্কের সাংস্কৃতিক রাজধানী হবে বাংলাদেশেরই কোনো শহর : সংস্কৃতিমন্ত্রী

৭। বিয়ের বয়স ১৮ বছরই থাকবে : ব্র্যাকের মতবিনিময় সভায় মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

৮। কেন্দ্রীয় ব্যাংকে নতুন চারটি বিভাগ গঠন

৯। মানবপাচার রোধে ব্যর্থতায় আটকে আছে বাংলাদেশ : টিআইপি প্রতিবেদন

১০। বিনিয়োগ ও শিল্পায়নের জন্য গ্যাস, বিদ্যুৎ-সংযোগ দাবি
: প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের সঙ্গে ব্যবসায়ীদের বৈঠক

১১। উন্নয়ন কর্মকাণ্ডে জনপ্রতিনিধিদের হস্তক্ষেপ চান না জেলা প্রশাসকরা

১২। জেএমবির একাংশের ভারপ্রাপ্ত আমিরসহ ৮ জঙ্গি গ্রেফতার

চলমান পাতা/২

১।	মধ্যম আয়ের দেশের জন্য আন্তরিকতার সঙ্গে কাজ করুন : ডিসি সম্মেলনে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০২১ সালের আগেই দেশকে মধ্যম আয়ের দেশে পরিণত করতে জেলা প্রশাসকদের (ডিসি) আরো আন্তরিকতার সঙ্গে কাজ করার নির্দেশ দিয়েছেন। তিনি বলেছেন, স্বাস্থ্য, শিক্ষা, বিদ্যুৎ, অবকাঠামোসহ বিভিন্ন ক্ষেত্রে সরকারের পরিকল্পনা বাস্তবায়ন হলে ২০৪১ সালের মধ্যেই বাংলাদেশ উন্নত রাষ্ট্রের মর্যাদা পাবে। এক্ষেত্রে সবার সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন। গতকাল ২৮ জুলাই মঙ্গলবার প্রধানমন্ত্রী তাঁর কার্যালয়ে তিন দিনব্যাপী জেলা প্রশাসক সম্মেলন-২০১৫'র উদ্বোধনী ভাষণে এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.২,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.৪), নিউজ টুডে (পৃ.১,ক.১)। বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২।	শিক্ষক নিয়োগে কমিশন হচ্ছে : শিক্ষামন্ত্রী

শিক্ষক নিয়োগে অনিয়ম-দুর্নীতি বন্ধ করতে একটি কমিশন গড়ে তোলা হচ্ছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল ২৮ জুলাই মঙ্গলবার সচিবালয়ে জেলা প্রশাসক সম্মেলনের প্রথম দিন শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত অধিবেশন শেষে সাংবাদিকদের এ কথা জানান তিনি। শিক্ষামন্ত্রী বলেন, মাধ্যমিক স্কুল, কলেজ-মাদ্রাসায় শিক্ষক নিয়োগে অনিয়ম-দুর্নীতি হচ্ছে। এ কারণে সরকার বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ এনটিআরসিএ গঠন করে। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ.,ক.৫), ইনকিলাব (শেষ পৃ.,ক.৩)।

৩।	নতুন আইন করে 'তথ্য সন্ত্রাস' প্রতিহত করা হবে : আইনমন্ত্রী

ডিজিটাল পদ্ধতিতে সংগঠিত 'তথ্য সন্ত্রাস' নতুন আইন করে প্রতিহত করার ঘোষণা দিয়েছেন আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক। তিনি বলেন, মুক্তিযুদ্ধে পরাজিত শক্তি এখন তথ্য সন্ত্রাসের মাধ্যমে যুদ্ধ ঘোষণা করেছে। তরুণ প্রজন্মকে সঙ্গে নিয়ে সরকার তথ্যপ্রযুক্তি দিয়েই এই যুদ্ধ মোকাবিলা করে তাদের পরাজিত করবে। এ জন্য সংশ্লিষ্ট সবার মতামত নিয়ে সরকারের পক্ষ থেকে সাইবার নিরাপত্তা আইন ও সাক্ষ্য আইন প্রণয়নসহ যা যা করণীয় তার সবই করা হবে। গতকাল ২৮ জুলাই মঙ্গলবার রাজধানীর ধানমন্ডির ডব্লিউভিএ মিলনায়তনে 'জঙ্গি মৌলবাদীদের তথ্যপ্রযুক্তি সন্ত্রাস, সরকার ও নাগরিক সমাজের করণীয়' শীর্ষক আলোচনা সভায় আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-সমকাল (পৃ.২,ক.৪)।

৪।	গণমাধ্যমের জন্য সম্প্রচার কমিশন গঠন করা হবে : তথ্যমন্ত্রী

গণমাধ্যমের জন্য জাতীয় সম্প্রচার কমিশন গঠন করা হবে বলে ঘোষণা দিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল ২৮ জুলাই মঙ্গলবার ঢাকা রিপোর্টার্স ইউনিটির মিলনায়তনে বাংলাদেশ ক্যাবল টিভি দর্শক ফোরাম আয়োজিত গোল্ডেন ওয়ার্ল্ড সেরা সাংবাদিক পুরস্কার-২০১৪ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ ঘোষণা দেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৫), যায়যায়দিন (পৃ.৩,ক.৬), জনকণ্ঠ (পৃ.২,ক.৮), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৬), নিউজ টুডে (পৃ.২,ক.৬)।

৫।	২০ লাখ জেলেকে এ বছর পরিচয়পত্র দেবে সরকার : মৎস্যমন্ত্রী

চলতি বছরের মধ্যে ২০ লাখ প্রকৃত জেলেকে পরিচয়পত্র দেবে সরকার। গত তিন বছরে সাগরে মৎস্য আহরণকালে প্রাকৃতিক দুর্যোগে ২৪৭ জন জেলে মারা যান। তাদের পরিবারকে সরকার এক কোটি ২০ লাখ টাকার অনুদান দিয়েছে। গতকাল ২৮ জুলাই মঙ্গলবার মৎস্য অধিদফতরে 'জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৫' উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মোহাম্মদ ছায়েদুল হক এমপি। সূত্র-সমকাল (পৃ.২,ক.৮), ইত্তেফাক (পৃ.২,ক.৬), সংবাদ (শেষ পৃ.,ক.৫), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.২), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৬)।

৬।	সার্কের সাংস্কৃতিক রাজধানী হবে বাংলাদেশেরই কোনো শহর : সংস্কৃতিমন্ত্রী

এবার সার্ক সাংস্কৃতিক রাজধানীর মর্যাদা পাচ্ছে বাংলাদেশের একটি শহর। ইতোমধ্যে সার্ক কালচারাল সেন্টারের উদ্যোগে ২০১৬ সালের জন্য সার্ক সাংস্কৃতিক রাজধানী ঘোষণার প্রাথমিক প্রক্রিয়া শুরু হয়ে গেছে। এই প্রক্রিয়ায় প্রাথমিকভাবে উঠে এসেছে দেশের 'কুষ্টিয়া', 'কুমিল্লা' ও 'বগুড়া' তিনটি শহরের নাম। এই তিন শহরের মধ্যে একটি শহরকে সার্ক সাংস্কৃতিক রাজধানী হিসেবে মনোনীত করা হবে। গতকাল ২৮ জুলাই মঙ্গলবার বাংলাদেশ শিল্পকলা একাডেমির সেমিনার কক্ষে সংস্কৃতি মন্ত্রণালয়ের আয়োজনে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় প্রস্তুতি সভায় এ তথ্য জানানো হয়। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৬), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৩), প্রথম আলো (পৃ.২,ক.৬)।

৭।	বিয়ের বয়স ১৮ বছরই থাকবে : ব্র্যাকের মতবিনিময় সভায় মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

মেয়েদের বিয়ের বয়স সম্পর্কে কোনো প্রকার বিভ্রান্তিকর তথ্য পরিবেশন না করার আহ্বান জানিয়েছেন মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি। তিনি বলেছেন, মেয়েদের বিয়ের বয়স ১৮ বছর ছিল, ১৮ বছরই থাকবে। এর কোনো নড়চড় হবে না। গতকাল ২৮ জুলাই মঙ্গলবার রাজধানীর গুলশানে স্পেকট্রা কনভেনশন সেন্টারে ব্র্যাক আয়োজিত এক মতবিনিময় সভায় তিনি একথা বলেন। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ.,ক.৫), সংবাদ (শেষ পৃ.,ক.৬), প্রথম আলো (শেষ পৃ.,ক.১), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.৭), নিউজ টুডে (পৃ.২,ক.২)।

৮।	কেন্দ্রীয় ব্যাংকে নতুন চারটি বিভাগ গঠন

নতুন করে আরও চারটি বিভাগ গঠন করেছে বাংলাদেশ ব্যাংক। বিদ্যমান বিভিন্ন বিভাগ থেকে আলাদা করে ও একটি সেলকে বিভাগে রূপান্তর করে এসব বিভাগ গঠন করা হয়েছে। আর গ্রীণ ব্যাংকিং অ্যান্ড সিএসআর বিভাগের নাম পরিবর্তন করে সাসটেইনেবল ফাইন্যান্স নামকরণ করা হয়েছে। ব্যাংকের পরিধি বেড়ে যাওয়া ও পরিবর্তিত পরিস্থিতির আলোকে এসব বিভাগ করা হয়েছে বলে জানা গেছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), জনকণ্ঠ (পৃ.১৮,ক.২), সমকাল (পৃ.১৪,ক.১)।

৯। মানবপাচার রোধে ব্যর্থতায় আটকে আছে বাংলাদেশ : টিআইপি প্রতিবেদন

নানা পদক্ষেপ নেওয়ার পরও ন্যূনতম মানদণ্ড রক্ষা ও মানবপাচার প্রতিরোধে ব্যর্থতার মধ্যে আটকে আছে বাংলাদেশ। বিশ্ববাজারে মানবপাচারের বিষয়টিকে গুরুত্ব দিয়ে মার্কিন পররাষ্ট্র দপ্তরের 'ট্রাফিকিং ইন পারসন (টিআইপি)' শীর্ষক প্রতিবেদনে এ অভিযোগ করা হয়েছে। স্থানীয় সময় গত ২৭ জুলাই সোমবার যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী জন কেরি ওয়াশিংটনে ওই প্রতিবেদন প্রকাশ করেন। প্রতিবেদনে বাংলাদেশসহ মোট ১৮৮টি দেশের মানবপাচার পরিস্থিতি তুলে ধরা হয়েছে। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.১), প্রথম আলো (পৃ.২,ক.৬), যায়যায়দিন (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), নিউ এজ (পৃ.১,ক.৬)।

১০। বিনিয়োগ ও শিল্পায়নের জন্য গ্যাস, বিদ্যুৎ-সংযোগ দাবি
: প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের সঙ্গে ব্যবসায়ীদের বৈঠক

দেশে কাঙ্ক্ষিত বিনিয়োগ ও শিল্পায়নের জন্য শিল্পকারখানায় দ্রুত গ্যাস ও বিদ্যুতের সংযোগ দেওয়ার দাবি জানিয়েছেন ব্যবসায়ীরা। বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি ফেডারেশনের (এফবিসিসিআই) ভারপ্রাপ্ত সভাপতি মাহবুবুল আলমের সভাপতিত্বে গত ২৭ জুলাই সোমবার ব্যবসায়ীদের একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর মুখ্য সচিব আবুল কালাম আজাদের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করে এ দাবি জানান। সূত্র-প্রথম আলো (পৃ.১৩, ক.২), সমকাল (পৃ.১৪,ক.৭)।

১১। উন্নয়ন কর্মকাণ্ডে জনপ্রতিনিধিদের হস্তক্ষেপ চান না জেলা প্রশাসকরা

জনপ্রতিনিধিদের অবাঞ্ছিত হস্তক্ষেপের কারণে উন্নয়ন কর্মকাণ্ড ব্যাহত হচ্ছে। জেলা প্রশাসক সম্মেলনে এমন অভিযোগ করা হয়েছে ডিসিদের পক্ষ থেকে। তাদের বক্তব্য হচ্ছে-জনপ্রতিনিধিদের হস্তক্ষেপের কারণে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে জটিলতার সৃষ্টি হচ্ছে। এ কারণে নির্দিষ্ট সময়ে উন্নয়ন প্রকল্প শেষ করা যাচ্ছে না। প্রকল্পের অর্থ ব্যবহার করা যাচ্ছে না। এ সমস্যার সমাধানে তারা নীতি নির্ধারকদের সহায়তা চেয়েছেন। সূত্র-ইনকিলাব (পৃ.১,ক.৬), ইত্তেফাক (পৃ.১,ক.৮), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.৭), ডেইলি সান (পৃ.১,ক.২)। সংবাদ, সমকাল, মানবজমিন, ইন্ডিপেনডেন্ট, নিউ এজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১২। জেএমবির একাংশের ভারপ্রাপ্ত আমিরসহ ৮ জঙ্গি গ্রেফতার

নিষিদ্ধ জঙ্গি সংগঠন জেএমবির একাংশের ভারপ্রাপ্ত আমিরসহ আট জনকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ। তাদের কাছ থেকে বিপুল পরিমাণ জিহাদী বই, লিফলেট ও সিডি (কম্পিউটার ডিস্ক) উদ্ধার করা হয়েছে। উদ্ধারকৃত সিডিতে শারীরিক ও আগ্নেয়াস্ত্রের বিভিন্ন ধরনের প্রশিক্ষণের বিদেশি ভিডিও চিত্র রয়েছে। এ সব ভিডিও দেখিয়ে বাংলাদেশে জঙ্গীদের আগ্রহী করার পাশাপাশি প্রশিক্ষণ দেওয়া হতো। গ্রেফতারকৃতদের তিন দিনের রিমাণ্ডে পেয়ে জিজ্ঞাসাবাদ করছে ডিবি। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৭), প্রথম আলো (পৃ.১,ক.৬), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৪), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৩), ডেইলি সান (পৃ.১,ক.৬)। ডেইলি অবজারভার এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো, ইত্তেফাক, জনকণ্ঠ, সমকাল, যায়যায়দিন, ডেইলি স্টার, নিউ নেশন : ভারতের সাবেক রাষ্ট্রপতি ও বিশিষ্ট বিজ্ঞানী এ পি জে আবদুল কালামের মৃত্যুতে শোক প্রকাশ;

খ. ইত্তেফাক : দেশের প্রতিটি অঞ্চলের ইতিহাস ও ঐতিহ্যের নিদর্শনগুলো সংরক্ষণ করা স্থানীয় সরকার, প্রশাসন ও জনগণের অবশ্য পালনীয় কর্তব্য বলে মত প্রকাশ;

গ. জনকণ্ঠ : একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তি হতে নানা বিড়ম্বনা নিরসনের পাশাপাশি দেশের কলেজগুলোর শিক্ষাদানের মান উন্নত করার নানা উদ্যোগ নেওয়ার সুপারিশ;

ঘ. সংবাদ : দুর্নীতি দমন কমিশনের অনুসন্ধান দল বেসিক ব্যাংকের ঋণ কেলেংকারিতে এর সাবেক চেয়ারম্যান শেখ আবদুল হাই বাচ্চুর কোনো দায় খুঁজে পায়নি উল্লেখ করে এ ব্যাপারে তাদের ভূমিকা প্রশ্নসাপেক্ষ বলে মন্তব্য;

ঙ. ইনকিলাব, সংবাদ : দেশের মেধাবীদের উচ্চ শিক্ষার জন্য বিদেশে পাড়ি জমানো ঠেকাতে পাবলিক বিশ্ববিদ্যালয়ের সাথে সাথে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মানোন্নয়নের প্রতি গুরুত্বারোপ;

চ. ডেইলি স্টার, ডেইলি সান, ডেইলি অবজারভার, ইনকিলাব : সম্প্রতি প্রকাশিত জরিপে সুন্দরবনের বাংলাদেশ অংশে মাত্র ১০৬টি বাঘ অবশিষ্ট থাকার পরিপ্রেক্ষিতে উন্নয়নের নামে সুন্দরবনের ক্ষতি না করে এর জীববৈচিত্র্য সুরক্ষায় যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ;

ছ. ইন্ডিপেনডেন্ট : প্রতি চারজনের একজন ধূমপানে আসক্তের জরিপের খবরে উদ্বেগ প্রকাশ করে ধূমপান বিরোধী বিদ্যমান আইনের যথাযথ ও কঠোর প্রয়োগের সুপারিশ;

জ. ডেইলি সান : জনগণের নিরাপত্তায় রাস্তার বিলবোর্ডগুলো অপসারণ করতে প্রশাসনকে উদ্যোগী ভূমিকা নেওয়ার আহ্বান;

ঝ. নিউজ টুডে : বাল্য বিবাহ প্রতিরোধে বিদ্যমান আইনের সুষ্ঠু প্রয়োগসহ দৃঢ় সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান;

ঞ. নিউ নেশন : আইটি বেসড ই-কমার্সে ব্যবসা করতে গিয়ে জনগণ যেন প্রতারিত না হয় সেজন্য সরকারকে ভোক্তা সংরক্ষণে দ্রুত আইনি ব্যবস্থা প্রণয়নসহ অনলাইন ব্যবসার নতুন উদ্যোক্তাদের যত্নের সঙ্গে ব্যবসা করার সুপারিশ;

ট. ফিনানসিয়াল এক্সপ্রেস : বিদ্যুৎ উৎপাদনে আমদানিকৃত কয়লার পরিবর্তে দেশের নিজস্ব কয়লা ব্যবহার করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ভোরের কাগজ পত্রিকায় প্রকাশিত কলামে দেশ ও দলের স্বার্থে ছাত্রলীগের প্রধান নেতাদের আদর্শ স্থানীয় ও অনুকরণীয় হওয়া ছাড়া বিকল্প নেই বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'পাহাড় ধসে আরও সতর্কতা জরুরি' শিরোনামের নিবন্ধে ড.মো. হুমায়ুন কবীর পাহাড় ধসে মৃত্যুর ঘটনা রোধ করতে প্রয়োজন সুনির্দিষ্ট নগর পরিকল্পনা ও কঠোর নজরদারি বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা